

## আত্মরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহার নীতি

### PPE Use Policy

#### উদ্দেশ্যঃ

নিরবচ্ছিন্নভাবে কারখানায় উৎপাদন নিশ্চিত করণের জন্য কারখানায় আত্মরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহার নীতিমালা প্রনয়ন করা হয়।

#### পরিধিঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড, অলিপুর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ- এর সকল বিভাগ/ শাখার জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে।

#### দায়িত্বঃ

দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট এইচআর, কমপ্লায়েন্স কর্মকর্তা ও প্রশাসন বিভাগে নিয়োজিত ব্যক্তিবর্গ।

#### বিবরণঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড এ নিয়োজিত সকল শ্রমিকদের সর্বোচ্চ নিরাপত্তা ও স্বাস্থ্যকর কাজের পরিবেশের জন্য এই নীতি প্রয়োগে দৃঢ় প্রতিজ্ঞ।

**পরিধি :** প্রতিষ্ঠানে নিয়োজিত সকল শ্রমিক, কর্মচারীদের জন্য এই নীতি প্রযোজ্য হবে। আত্মরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহারের জন্য যে সমস্ত নীতিমালা গ্রহণ করা হয়েছে সে গুলো নিম্নরূপ :

- আত্মরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহারের নিয়ম শিখানোর জন্য শ্রমিকদের একটি আনুষ্ঠানিক শিক্ষাদানের আয়োজন করা হয়।
- কারখানায় কর্মরত প্রত্যেকটি শ্রমিককেই মুখোশ ব্যবহারের জন্য পরামর্শ দেয়া হয়।
- লাইন সুপারভাইজরদের সংশ্লিষ্ট শ্রমিককে হাতমোজা, মুখোশ, চশমা ব্যবহারের জন্য প্রশিক্ষণ দেয়া হয়।
- শ্রমিকরা সঠিকভাবে এ সব ব্যবহার করছে কিনা তা নিশ্চিত করার জন্য লাইন সুপারভাইজরদের নির্দেশ দেয়া হয়।
- আনুষ্ঠানিকভাবে ভার উত্তোলন শিক্ষার ব্যবস্থা করা হয়।
- সুপারভাইজররা নিশ্চিত করেন যে শ্রমিকরা সঠিক নিয়মে ভারউত্তোলন করছে।
- নোটিশ বোর্ড, কর্মীদের খাবার স্থান ও বিশ্রামস্থল সহ প্রধান প্রধান স্থানে ভার উত্তোলনের নিয়মাবলী এবং লিফ্টে ভার বহনের ছক ঝুলানো হয়।
- আত্মরক্ষামূলক সরঞ্জামাদি শ্রমিকদের মাঝে বিনামূল্যে সরবরাহ করা হয়।

#### সূত্রঃ

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধনী- ২০১৩, ২০১৮) ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ (সংশোধনী- ২০২২)।

#### উপসংহারঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড উপরোক্ত নীতি অনুযায়ী অত্র কারখানায় আত্মরক্ষামূলক সরঞ্জামাদির নীতিমালা মেনে চলবে। প্রয়োজন সাপেক্ষে কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইনের সাথে সামঞ্জস্য রেখে উক্ত নীতির পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে। সেক্ষেত্রে সংশোধিত নীতি বাংলাদেশ কল-কারখানা অধিদপ্তর এ অবহিত করে অনুমোদন গ্রহণ করতে হবে।